গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৯.২০১২- ৭৭৮-৪ তারিখঃ ৬.১২.২০১২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ খুরশীদুল আলম (৪১৫৬৫), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাটহাজারী, চট্টগ্রাম-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৭.০৭.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৯.২০১২-৭৩১নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ খুরশীদুল আলম (৪১৫৬৫)
জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), সার্জারী
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাটহাজারী, চট্টগ্রাম
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-খরনদ্বীপ, ডাকঘর-বোয়ালখালী, উপজেলা-বোয়ালখালী, জেলা-চট্টগ্রাম)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩৯.২০১২- ৭৭৮-৪/১(৪) তারিখঃ ৬.১২.২০১২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, চট্টগ্রাম (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ সাঈদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১২-১১১৮ তারিখঃ ১৬/১২.২০১২ খ্রিষ্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ ফাতেমা কামরুন্নাহার (কোড-১১১৭৩০), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা (প্রাক্তন ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' ও ''বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি''র দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারন-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারন-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩.১২.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহন করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, ০১.০৭.২০১০ থেকে ৩১.১২.২০১১ তারিখ পর্যন্ত সরকারী আদেশ মোতাবেক এফসিপিএস ২য় পর্ব কোর্স সম্পন্নের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে ওএসডি হিসেবে কর্মরত ছিলেন। ৩১.১২.২০১১ তারিখে কোর্স সম্পন্ন করে তিনি জানুয়ারী/২০১২ এর প্রথম দিকে স্বাস্থ্য অধিদপ্তরকে অবহিত করেন এবং পরবর্তী পদায়নের অপেক্ষা করতে থাকেন। অতঃপর তাঁকে অধিদপ্তর কর্তৃক ১১.০৩.২০১২ তারিখ এবং পরবর্তীতে ০৮.০৫.২০১২ তারিখ পদায়ন আদেশ জারী করা হলে তিনি এনআইসিভিডি-তে যোগদান করেন। তিনি আরো জানান তিনি কর্তৃপক্ষের কোন আদেশ অমান্য করেননি এবং কোর্স শেষে যে সময়টুকু অপেক্ষা করতে হয়েছে তার জন্য তিনি দায়ী নন। তবুও তিনি অনাকাঙ্খিত বিলম্বের জন্য দুঃখিত।

এক্ষণে, সেহেতু, ডাঃ ফাতেমা কামরুন্নাহার (কোড-১১১৭৩০), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারন-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

(এ এম, বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৯.২০১২-১১১৮/১(৮) তারিখঃ .১২.২০১২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। ডাঃ ফাতেমা কামরুন্নাহার (কোড-১১১৭৩০), ক্লিনিক্যাল প্যাথলজিস্ট, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরেবাংলানগর, ঢাকা

৩০-১২-১২

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১২-১১৮৪ তারিখঃ ২৬.১২.২০১২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি ডাঃ ওমর ফারুক গোলাম কিবরিয়া (৩৮৫৪০), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শিবপুর, নরসিংদী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক ''অসদাচরণ'' ও ''বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৯.০৩.২০১২ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১২-৩০৬নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও আপনার জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ ওমর ফারুক গোলাম কিবরিয়া (৩৮৫৪০)
জুনিয়র কনসালটেন্ট (সার্জারী)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
শিবপুর, নরসিংদী
(যোগাযোগ ঠিকানাঃ- ৩-ডি, কিস্টাল ক্যাসেল, ৩/৯ আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩১.২০১২-১১৮৫/১১৮৯ তারিখঃ ২৬.১২.২০১২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, নরসিংদী (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-স্বাপকম/শৃংখলা-১/১-১১/২০০৫-১১৭৬

তারিখঃ .০৯.১৪১৯ বঙ্গাব্দ
২৬.১২.২০১২ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ আনন্দ কুমার মালো (৪৩৩৮৭), প্রাক্তন মেডিকেল অফিসার, পারতিল্লি উপ-স্বাস্থ্য কেন্দ্র, সাটুরিয়া, মানিকগঞ্জ ০১.০১.২০০৪ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারী চাকুরি হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁকে সরকারী চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে অভিমত প্রকাশ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ আনন্দ কুমার মালো (৪৩৩৮৭), প্রাক্তন মেডিকেল অফিসার, পারতিল্লি উপস্বাস্থ্য কেন্দ্র, সাটুরিয়া, মানিকগঞ্জ-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.০১.২০০৪ হতে সরকারী চাকুরি থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা
(গেজেটে প্রকাশের জন্য)

নং- স্বাপকম/শৃংখলা-১/১-১১/২০০৫-১১৭৬/১(১১)

তারিখঃ .০৯.১৪১৯ বঙ্গাব্দ
২৬.১২.২০১২ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৬। উপসচিব (পার-৫ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। সিভিল সার্জন, মানিকগঞ্জ
✓ সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাটুরিয়া, মানিকগঞ্জ
১১। ডাঃ আনন্দ কুমার মালো (৪৩৩৮৭), প্রাক্তন মেডিকেল অফিসার, পারতিল্লি উপস্বাস্থ্য কেন্দ্র, সাটুরিয়া মানিকগঞ্জ (স্থায়ী ঠিকানাঃ- ভাটিলক্ষীপুর, ডাকঘর-ফরিদপুর, উপজেলা-কোতয়ালী, জেলা-ফরিদপুর)

২৬.১২.১২
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১২-১১৭৪

তারিখঃ .০৯.১৪১৮ বঙ্গাব্দ
২৬.১২.২০১২ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু ডাঃ রেবেকা সুলতানা (১১০৯২৪), প্রাক্তন রেজিষ্টার (মেডিসিন), জাতীয় এজমা সেন্টার, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ০১.১০.২০১১ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ রেবেকা সুলতানা (১১০৯২৪), প্রাক্তন রেজিষ্টার (মেডিসিন), জাতীয় এজমা সেন্টার, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.১০.২০১১ হতে সরকারী চাকুরী থেকে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৫.২০১২-১১৭৪(১০)

তারিখঃ .০৯.১৪১৮
২৬.১২.২০১২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
৪। পরিচালক, জাতীয় এজমা সেন্টার, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা
৫। উপ-সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। ডাঃ রেবেকা সুলতানা (১১০৯২৪), প্রাক্তন রেজিষ্টার (মেডিসিন), জাতীয় এজমা সেন্টার, জাতীয় বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-উত্তর বড়ভিটা, ডাকঘর-বড়ভিটা, উপজেলা-কিশোরগঞ্জ, জেলা-নীলফামারী (যোগাযোগঃ- বি-৩২, ব্লক-ই, জাকির হোসেন রোড, মোহাম্মদপুর, ঢাকা)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭১.২০১১-১১৯৩

০৯.১৪১৯ বঙ্গাব্দ
তারিখঃ
২১.১২.২০১২ খ্রিষ্টাব্দ

# আদেশ

যেহেতু, ডাঃ উম্মে হানি মোছাঃ ওয়াজেদা বানু ( কোড নং-৪৩২৫০), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাদুল্যাপুর, গাইবান্ধা গত ০১.০৪.২০০৯ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ উম্মে হানি মোছাঃ ওয়াজেদা বানু (কোড-৪৩২৫০), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাদুল্যাপুর, গাইবান্ধা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.০৪.২০০৯ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ হুমায়ুন কবির
০৩.১৫.১২

(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা
(গেজেটে প্রকাশের জন্য)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭১.২০১১/১১৯৪/১(১১)

০৫.১৪১৯
তারিখঃ
২১.১২.২০১২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৫। সিভিল সার্জন, গাইবান্ধা
৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল )
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সাদুল্যাপুর, গাইবান্ধা
১১। ডাঃ উম্মে হানি মোছাঃ ওয়াজেদা বানু ( কোড নং-৪৩২৫০), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাদুল্যাপুর, গাইবান্ধা, বর্তমান-ঠিকানাঃ হাউজ নং-২/১, রোড নং-৪, শ্যামলী লেন, ঢাকা)

২১.১২.১২

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

০৯.১৪১৯ বঙ্গাব্দ
নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৪.২০১১-১১৭৪ তারিখঃ ৩১.১২.২০১২ খ্রিস্টাব্দ

# আদেশ

যেহেতু, ডাঃ মোহাম্মদ খায়রুল মোস্তাফা (কোড-৪১৮৯৫), প্রাক্তন প্রভাষক, এনাটমি বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম গত ০৭.০৫.২০১১ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক ডাঃ মোহাম্মদ খায়রুল মোস্তাফা (কোড-৪১৮৯৫), প্রাক্তন প্রভাষক, এনাটমি বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম,-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৭.০৫.২০১১ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহম্মদ হুমায়ুন কবির)
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা
(গেজেটে প্রকাশের জন্য)

০৯.১৪১৯
নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৪.২০১১- ১১৭৪/১(১১) তারিখঃ ৩১.১২.২০১২

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
৪। অধ্যক্ষ চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। ডাঃ মোহাম্মদ খায়রুল মোস্তাফা ( কোড নং-৪১৮৯৫), প্রভাষক, এনাটমী বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম, বর্তমান ঠিকানাঃ আফতাব মঞ্জিল,১৩৭০/ হাজী নুর আহম্মেদ রোড, ইষ্ট নাসিরাবাদ, চট্টগ্রাম)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারি সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd